2023 জুলাই

প্রিয় পরিবারবর্গ:

**সামার রাইজিং 2023-এ স্বাগতম!**

স্কুলের প্রিন্সিপাল ও কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহের (কমিউনিটি বেজড্ অর্গ্যানাইজেশন, CBO) একযোগে পরিকল্পনাকৃত ও পরিচালিত বাহ্যিক বিনোদন ও শিল্পকলা কর্মকাণ্ডসহ শিক্ষায়তনিক ও সমৃদ্ধিমূলক কর্মসূচিতে শিক্ষার্থীদের প্রত্যাবর্তনে স্বাগত জানাবার জন্য আমরা উদ্দীপ্ত হয়ে আছি। শিক্ষার্থীদেরকে তাদের গ্রীষ্মকালীন সময় কাটাবার জন্য আমাদের পূর্ণ-দিবসের, সশরীর উপস্থিতির কর্মসূচিগুলো একটি নিরাপদ ও সহযোগিতামূলক পরিবেশ অফার করে।

সামার-এর কর্মসূচিসমূহের শুরুতেই আমরা আপনাকে কিছু গুরুত্বপূর্ণ তথ্য অবহিত করতে চাই যা আপনাকে ও আপনার পরিবারকে সামার রাইজিং প্রোগ্রাম শুরু এবং একটি চমৎকার অভিজ্ঞতা অর্জনে সহায়তা করবে:

**আবশ্যক ফর্মসমূহ**

সামার রাইজিং প্রোগ্রামে এনরোল সম্পূর্ণ করতে, অংশগ্রহণকারী শিক্ষার্থীকে অবশ্যই সাপ্লিমেন্টাল এনরোলমেন্ট ফর্ম পূরণ করতে ও জমা দিতে হবে, যা আপনি বহুভাষায় nyc.gov/site/dycd/services/after-school/summer_rising.page -এ পাবেন।

**সময়সূচি ও উপস্থিতি**

নিশ্চিত করবেন যে আপনার সন্তানের সামার-এর (গ্রীষ্মের) সময়সূচি সম্পর্কে আপনি সচেতন আছেন:

| গ্রেড স্তর | সময়সূচি |
|---|---|
| **কিন্ডারগার্টেন–5 গ্রেড** | 5 জুলাই – 18 অগাস্ট (7 সপ্তাহ)<br>সোমবার থেকে শুক্রবার, 8:00 AM – 6:00 PM |
| **6-8 গ্রেড** | 5 জুলাই – 11 অগাস্ট (6 সপ্তাহ)<br>সোমবার থেকে শুক্রবার, 8:00 AM – 6:00 PM |

অধিকাংশ শিক্ষার্থীর জন্য একটি সাধারণ দিনে থাকবে সকালে শিক্ষায়তনিক প্রোগ্রাম এবং বিকেলে সমৃদ্ধিমূলক সময়।

সামার রাইজিং-এর শিক্ষার্থীরা তাদের পুরো গ্রীষ্মকালীন কর্মসূচিতে অংশ নেবে বলে প্রত্যাশিত। অনুগ্রহ করে পরিকল্পিত অনুপস্থিতি বিষয়ে ভারপ্রাপ্ত প্রিন্সিপাল এবং/অথবা CBO ডিরেক্টরের সাথে কথা বলুন।

স্কুল কর্তৃক প্রতিদিন সকালে এবং বিকেলে কর্মকাণ্ডে CBO কর্তৃক উপস্থিতি নেওয়া হবে। যদি কোনও শিক্ষার্থী অনুপস্থিত থাকে, তবে স্কুল এবং/অথবা CBO তার পিতামাতা/অভিভাবকের সাথে যোগাযোগ করার চেষ্টা করবে।

কোনো শিক্ষার্থীর অনবরত ষষ্ঠ অনুপস্থিতির এবং ন্যূনতম তিনবার পিতামাতা/অভিভাবকের সাথে যোগাযোগে ব্যর্থ হবার পর, স্কুল ও CB) শিক্ষার্থীর নাম তালিকা থেকে বাদ দেবে (বা আনএনরোল করবে) (D75/দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY)/ASD প্রোগ্রামিংয়ের শিক্ষার্থীদেরকে তাদের ব্যক্তিগতকৃত শিক্ষা পরিকল্পনা (ইন্ডিভিজ্যুয়াল এডুকেশন প্রোগ্রাম - IEP)-এর আবশ্যকৃত প্রোগ্রামগুলো থেকে বাদ দেয়া হবে না)।

যদি আপনার পরিকল্পনা পরিবর্তিত হয়ে থাকে এবং আপনি আপনার শিক্ষার্থীকে আর সামার রাইজিংয়ে অংশগ্রহণ করাতে চাইছেন না, তবে আপনার তালিকা থেকে নাম প্রত্যাহারের অনুরোধ প্রক্রিয়া করতে এবং স্কুলকে সেই অনুযায়ী পরিকল্পনা করার সুযোগ দেয়ার জন্য অনুগ্রহ করে অতিসত্বর আপনার সামার রাইজিং সাইটকে অবহিত করবেন।

## পরিবহন এবং ছুটি

K–5 গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি দ্বারা 6pm-এর মধ্যে নিয়ে যেতে বা পিক আপ করতে হবে। মিডল্ স্কুল শিক্ষার্থীদের অনুমোদিত অভিভাবকের অনুমোদন সাপেক্ষে দিন শেষে একা যাবার জন্য ছুটি দেয়া যেতে পারে।

যেহেতু বাস পরিষেবা শুধুমাত্র বিকেল 3:00 PM পর্যন্ত লভ্য হবে, কিছু যোগ্য পরিবারের জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ সামার রাইজিং থেকে ছুটির সময় 6:00 PM রাইডশেয়ার অফার করবে। রাইডশেয়ার হচ্ছে একটি পরিবহন বিকল্প যার মাধ্যমে কোনো পিতামাতা, অভিভাবক, অথবা অনুমোদিত প্রাপ্তবয়স্ক তার শিক্ষার্থীকে সামার রাইজিং সাইটে একটি ভাড়া জন্য লভ্য পূর্ব-পরিশোধিত (প্রি-পেইড) গাড়ি (যেমন, রাইডশেয়ার অথবা কোনো ট্যাক্সি) নেবেন, এবং অতঃপর শিক্ষার্থীকে বাড়ি নিয়ে যাবার জন্য আরেকটি প্রি-পেইড গাড়ি নেবেন।

সকল যোগ্য শিক্ষার্থী তাদের নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) একটি ভাউচার কোড পাবে, যা আপনি schoolsaccount.nyc-এ দেখতে পারেন। আপনি আপনার সন্তানের সামার সাইটটিতে আপনার যোগ্যতাও নিশ্চিত করতে পারেন।

যোগ্যতা সহ পরিবারদের জন্য রাইডশেয়ার সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের সামার রাইজিং ওয়েবপেজ schools.nyc.gov/SummerRising -এ বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) সেকশনটি দেখুন।

## খাবার

সামার রাইজিং শিক্ষার্থীদের ব্রেকফাস্ট, লাঞ্চ, এবং একটি স্ন্যাক পরিবেশন করা হবে। সকালের নাস্তা বা ব্রেকফাস্ট পরিবেশিত হবে 8:00 AM এবং 9:15 AM-এর মধ্যে, এবং দুপুরের খাবার বা লাঞ্চ পরিবেশিত হবে 11:00 AM এবং 1:15 PM-এর মধ্যে। K–8 শিক্ষার্থীদের সমৃদ্ধিমূলক সময়ে, 3:00 PM থেকে 6:00 PM-এর মধ্যে স্ন্যাক পরিবেশন করা হবে।

অধিকাংশ সামার রাইজিং সাইটগুলো সামার মিলস্ বা গ্রীষ্মকালীন খাবার বিতরণের স্থান হিসেবেও কাজ করে, এবং 18 বছরের কম বয়সী নিউ ইয়র্ক সিটির সকলের জন্য পুরো সামারব্যাপী বিনামূল্যে খাবার অফার করে। আরো তথ্যের জন্য schools.nyc.gov/SummerMeals দেখুন।

## গ্রীষ্মকালীন নিরাপত্তা

আমাদের শিক্ষার্থীদের নিরাপদ রাখা আমাদের সর্বোচ্চ প্রাধান্য:

- অনুগ্রহ করে নিশ্চিত করুন যে schoolsaccount.nyc -এ অবস্থিত NYCSA-তে আপনার সর্বসাম্প্রতিক জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য দেওয়া আছে। এটা নিশ্চিত করবে যে যদি প্রয়োজন হয় তবে স্কুল কর্মীগণ আপনার পরিবারের সাথে যোগাযোগ করতে পারবে।

- বায়ুর মান: আপনারা জানেন যে, বিভিন্ন কারণে এই বসন্তে নিউ ইয়র্ক সিটি বায়ুর গুণগত মান নিয়ে সমস্যার সম্মুখীন হয়েছে। এই গ্রীষ্মে বায়ুর গুণগত মানের প্রতি লক্ষ্য রাখতে এবং শিক্ষার্থীদের নিরাপদ রাখতে সামারের কর্মসূচিতে কোনো প্রয়োজনীয় পরিবর্তন নিশ্চিত করতে, আমরা NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ও ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর অংশীদারদের সাথে অব্যহতভাবে কাজ করে যাব। অনুগ্রহ করে schools.nyc.gov/SummerRising -এ অবস্থিত গ্রীষ্মকালীন নিরাপত্তা বিষয়ক পথনির্দেশনা সেকশনে নিউ ইয়র্ক সিটির বর্তমান পথনির্দেশনা দেখুন।

- আপনি ও আপনার পরিবারের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন থেকে দেয়া নিরাপদ সাঁতার সংক্রান্ত পরামর্শের মাধ্যমে এই গ্রীষ্মে শীতল ও নিরাপদ থাকুন, যা অনলাইনে on.nyc.gov/beach-এ পাওয়া যাবে।

## সামার রিডিং (গ্রীষ্মকালীন বই পড়া)

এই গ্রীষ্মে আপনার সন্তানের সাথে একটি চমৎকার বইয়ের মাঝে ডুবে যান। সাক্ষরতার দক্ষতা গড়ে তুলতে এবং বছরব্যাপী শেখা লালন করতে একসাথে পড়া একটি গুরুত্বপূর্ণ অংশ, এবং শুরু করার জন্য আমাদের অনলাইন সামা রিডিং সংক্রান্ত পরামর্শসমূহ একটি চমৎকার স্থান।

## আরও তথ্য প্রয়োজন?

তথ্য এবং বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর উত্তরের জন্য আমাদের সামার রাইজিং ওয়েবপেজটি (schools.nyc.gov/SummerRising) দেখুন। আপনার যদি আরো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুল কিংবা CBO-এর সাথে যোগাযোগ করুন, অথবা summer@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

আমরা একসাথে একটি চমৎকার গ্রীষ্ম প্রত্যাশা করছি!

- অ্যাঞ্জেলা ফ্যালোয়ে (Angela Faloye), ডিরেক্টর অভ সামার প্রোগ্রামিং, এমা ভাদেরা (Emma Vadehra), ডেপুটি চ্যান্সেলর ফর অপারেশন্স + ফাইন্যান্স, এবং সামার রাইজিং টিম